

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.০০০০.০৪২.২২.০০১.১৭, ১৫০০

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৫
৩০ আগস্ট ২০১৮

পরিপত্র

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় জেলা পরিষদ উন্নয়ন সহায়তা খোক হিসেবে বরাদ্দকৃত অর্থের বন্টন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

সরকারি অর্থের সদ্ব্যবহার, সুষ্ঠু তদারকি নিশ্চিতকরণ এবং যথাসময়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ সম্পন্ন করার লক্ষ্যে জেলা পরিষদের অনুকূলে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা/নীতিমালা বাতিলক্রমে নিম্ন বর্ণিত নির্দেশনা প্রদান করা হলো :

- সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে 'জেলা পরিষদ আইন, ২০০০' এর ৩০ ধারা অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণপূর্বক তালিকা প্রণয়ন করে নির্ধারিত ছকে ১৫ অক্টোবর এর মধ্যে (সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরিত হাজিরা বিবরণীসহ) চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে;
- বরাদ্দকৃত অর্থ আয়তন, জনসংখ্যা ও অনগ্রসরতা বিবেচনায় উপজেলাওয়ারী বরাদ্দ প্রদান করতে হবে;
- প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রথমেই জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাবীন চলমান প্রকল্পে অর্থ বরাদ্দ করতে হবে। দ্বিতীয় পর্যায়ে 'জেলা পরিষদ আইন, ২০০০' এর তফসিলে বর্ণিত কার্যাবলীর আওতায় জনগুরুত্বসম্পন্ন ও আওতা প্রয়োজনীয় প্রকল্পসমূহ গ্রহণ করতে হবে;
- নির্মাণ সামগ্রীর মূল্য বিবেচনায় প্রকল্পের গুণগত মান বজায় রাখার স্বার্থে এডিপি বরাদ্দকৃত অর্থে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নিম্নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;
- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলনের সামাজিক প্রকল্প/প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে।
- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অধিক যে কোন প্রকল্প বিধিমোতাবেক দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে এবং কোন অবস্থাতেই এডিপির মোট বরাদ্দের ৪০ শতাংশের বেশী প্রকল্প পিআইসি'র (প্রকল্প কমিটি) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না। এছাড়া রাস্তা, ব্রীজ, গাইড ওয়াল, ড্রেইন নির্মাণ ইত্যাদি প্রকল্পের মত কারিগরি প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না। ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্পের পরিবর্তে জনগুরুত্বপূর্ণ দৃশ্যমান প্রকল্প গ্রহণ করতে হবে;
- প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে তথ্য আপলোড ও আপডেট করতে হবে। সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পস্থানে জনসাধারণের অবগতির জন্য জেলা পরিষদ '.....' এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে। গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট এলাকার গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

৮. প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এবং দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করতে হবে এবং প্রকল্প পরিবর্তন ও বাস্তবায়নে সংশোধিত প্রাক্কলন প্রণয়ন করে প্রকল্প ব্যয় বৃদ্ধির প্রবনতা যতদূর সম্ভব পরিহার করতে হবে;

৯. প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব ও সহকারী প্রকৌশলী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করবেন ও বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবেন;

১০. আংশিকভাবে/পর্যায়ক্রমে প্রকল্প প্রস্তাব প্রেরণ এবং অনুমোদিত প্রকল্প পরিবর্তনের প্রবণতা পরিহার করতে হবে। প্রকল্পসমূহ সরেজমিনে যাচাইক্রমে প্রকল্পের প্রাক্কলন প্রণয়নপূর্বক প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১১. অর্থ বছরের ৩১ মে এর পূর্বেই এডিপি বরাদ্দের বিপরীতে মন্ত্রণালয় হতে ছাড়কৃত অর্থের হিসাব জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইট ও আইবাস ++ এর এন্ট্রি যথাযথভাবে যাচাই করতে হবে। ৩০ জুন এর মধ্যে এডিপি বরাদ্দকৃত/সাশ্রয়কৃত সমুদয় অর্থে আবশ্যিকভাবে প্রকল্প গ্রহণ করতে হবে। কোন অর্থ অব্যয়িত রাখা যাবে না।

সংযুক্তি: ছক

J.M.
৩০/০৬/২০১৬
(ড. জুলিয়া মর্দিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

বিতরণ :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ খুলনা/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ বিভাগ।
৪. চেয়ারম্যান, জেলা পরিষদ, -----।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, -----।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।